

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০২

আগরতলা, ২২ জুন, ২০২৪

অগ্নি ও জরুরী পরিষেবা অধিকর্তার কার্যালয়ে আন্তর্জাতিক যোগা দিবস

অগ্নি ও জরুরী পরিষেবা অধিকর্তার কার্যালয়ে গতকাল ১০ম আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে আলোচনাচক্র ও সমবেত যোগা প্রদর্শনী অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে আন্তর্জাতিক যোগা দিবসের তাৎপর্য নিয়ে আলোচনা করেন দপ্তরের অধিকর্তা সুভাশিস দাস, যুগ্ম অধিকর্তা সুকুমার দেববর্মা, ডিভিশনাল ফয়ার অফিসার মোহন দেববর্মা ও অ্যাকাউন্টস অফিসার স্বর্গাজিৎ দাস। আলোচনাচক্রের পর অনুষ্ঠানে দপ্তরের কর্মীগণ সমবেত যোগা প্রদর্শনীতে অংশ নেন।

\*\*\*\*\*